তারিখ ... 22 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সাইনবোর্ড টানিয়ে উত্তরায় চলছে খাল ভরাট

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর উত্তরায় রাতের অন্ধকারে চলছে খাল ভরাট কার্যক্রম। উত্তরা পশ্চিম থানাস্থ ১১ নম্বর সেক্টরের খালের উত্তর প্রান্তে, শহীদ এম. মনসুর আলী মেডিক্যাল কলেজের পূর্ব পার্শ্বে রাজউকের কতিপয় অসৎ কর্মকর্তার যোগসাজশে শক্তি 'ব্রিটিশ বাংলা ইউনিভার্সিটি' সাইন বোর্ড ঝুলিয়ে রাজউকের খাল ভরাট করা হচ্ছে। কখনো ফাইভ স্টার হোটেল, কখনো প্রবাসী পল্লী সাইনবোর্ড ঝুলিয়ে এ খাল ভরাটের কাজ হচ্ছে দীর্ঘদিন ধরে। এক্ষেত্রে একটি চক্র গণপূর্ত মন্ত্রীর নাম ভাঙ্গিয়ে এবং আইন-শৃঙ্খলা বাহিনীর পরিচয়ও ব্যবহার করছে।

সরেজমিন দেখা যায়, রাতের অন্ধকারে গভীর লেক ভরাট করে সেখানে মাটির স্তূপ করা হয়েছে। দেখলে মনে হয় না যে, এখানে একসময় গভীর খাল ছিল। বাবুল নামে এক ব্যক্তি গণপূর্ত মন্ত্রীর কখনো বন্ধু কখনো আত্মীয় এ সব পরিচয় দিয়ে খাল ভরাট করে আবাসন করার চেষ্টা করছে। প্রশাসন থাকছে নীরব।

বিশ্লেষকরা বলছেন, রাজধানীতে সামান্য বৃষ্টি হলেই পানি জমে যায়। তার ওপর এভাবে খাল ভরাট হতে থাকলে পুরো রাজধানী একটি বিরাট জলাশয়ে পরিণত হবে।